আপনি আমাকে ইসলাম সমন্ধে এমন কথা বলে দিন, আপনার পরে যেনো তা আমাকে আর কারো কাছে জিজ্ঞেস করতে না হয়। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন : «قُلْ: آمَنْتُ بِاللهِ، ثُمَّ اسْتَقِمْ». "তুমি বলো , আমি আল্লাহর প্রতি ঈমান এনেছি। তারপর এর ওপরই প্রতিষ্ঠিত থাকো। "

সুফিয়ান ইবন আব্দুল্লাহ আল সাকাফী রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত , তিনি বলেন: আমি বললাম, ইয়া রাসূলুল্লাহ্ ! আপনি আমাকে ইসলাম সমন্ধে এমন কথা বলে দিন, আপনার পরে যেনো তা আমাকে আর কারো কাছে জিজ্ঞেস করতে না হয়। রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন : «قُلْ: آمَنْتُ بِاللهِ، ثُمَّ اسْتَقِمْ». "তুমি বলো , আমি আল্লাহর প্রতি ঈমান এনেছি। তারপর এর ওপরই প্রতিষ্ঠিত থাকো। "

[সহীহ] [এটি মুসলিম ও আহমাদ বর্ণনা করেছেন।]

সাহাবী সুফ্ইয়ান ইবন আব্দুল্লাহ রাদিয়াল্লাহু 'আনহু নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামকে ইসলামের এমন একটি পূর্ণাঙ্গ অর্থবোধক কথা শিক্ষা দিতে বলেছেন , যা তিনি আঁকড়ে ধরবেন এবং তাঁকে ব্যতীত অন্য কাউকে আর জিজ্ঞেস করবেন না। তখন নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন : তুমি বলো : আমি আল্লাহরই একত্ব কে স্বীকার করলাম। তাঁর প্রতি ঈমান আনলাম যে , অবশ্য তিনিই একমাত্র আমার রব , ইলাহ, আমার সৃষ্টা ও প্রকৃত মাবূদ , তাঁর কোন শরীক নেই। অতঃপর আল্লাহর ফরযকৃত বিধান আদায় এবং হারামকৃত জিনিস থেকে বিরত থাকবে, তাঁর আনুগত্য স্বীকার করবে এবং এর উপর অবিচল থাকবে।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65018